41

আজকের কাগজ

তারিখ 18 SEP 1994
পৃষ্ঠা ২ কলাম ৫

# বেড়ায় মাধ্যমিক বিদ্যালয়গুলো বিভিন্ন সমস্যায় জর্জরিত ॥ পড়ালেখা ব্যাহত

পাবনার বেড়া থানায় বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বিভিন্ন সমস্যায় শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। বেড়া থানায় মোট ১৪টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ২টি বালিকা বিদ্যালয় ও ৯টি সহ-শিক্ষা বিদ্যালয় রয়েছে। মাধ্যমিক বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, শিক্ষা উপকরণ, চেয়ার- টেবিল ও অন্যান্য উপকরণের অভাব ও সরকারি মঞ্জুরী না থাকায় শিক্ষা পরিস্থিতি মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এছাড়া গত ক'বছরের বন্যা, নদী ভাঙন ও ঝড়ে বিদ্যালয়গুলোর অবস্থা আরো করুন হয়েছে। এসব বিদ্যালয় সংস্কারে কোনো অর্থ বরাদ্দ করা হয়নি। নাকালিয়া সাঁড়াশিয়া বণিক উচ্চ বিদ্যালয়টি গত ৯০ সালে নদী ভাঙনের শিকার হওয়ার পর অস্থায়ীভাবে মঞ্জু কাদের কলেজ প্রাঙ্গণে ২টি ঘর উঠিয়ে কোনো রকমভাবে পড়াশুনার কাজ চালিয়ে আসছে। কিন্তু অদ্যাবধি বিদ্যালয়টি স্থায়ী জায়গায় প্রতিষ্ঠা করা হয়নি। থানার বিভিন্ন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। কিন্তু নানাবিধ সমস্যায় বিদ্যালয়গুলোতে শিক্ষার তেমন পরিবেশ নেই। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ প্রয়োজন। বেড়া থেকে ওসমান গনি।